



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

বেকিং

লেভেল - ০৩

মডিউল শিরোনামঃ ব্রেড বেকিং সম্পাদন করণ

Module: Performing Bread Baking

মডিউল কোড: CBLM-OU-AGP-BAK-01-L3-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nsd.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“রেড বেকিং সম্পাদন করণ” এই সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত বেকিং লেভেল-৩ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে বেকিং লেভেল-৩ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

ইনস্ট্রাকশনাল এন্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে। এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বেকিং লেভেল-৩ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে বেকিং লেভেল-৩ কোর্সের প্রশিক্ষণার্থীরা যথাযথভাবে অনুসরণ করে নিজেদেরকে দক্ষ ও যোগ্য বেকিং টেকনেশিয়ান হিসেবে গড়ে তুলতে পারবে। এই কারিকুলামকে অনুসরণ করেই প্রশিক্ষণার্থীদের অ্যাসেসমেন্ট টুসল, আসেসমেন্ট এবং সনদায়ন করা হবে এবং মৌলিক জ্ঞান অর্জন করতে পারবেন।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

কপিরাইট.....	ii
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	vi
মডিউল কন্টেন্ট.....	১
শিখনফল (Learning Outcome)- ১: OSH অনুশীলন করতে পারবে.....	৩
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : OSH অনুশীলন করতে পারবে.....	৪
ইনফরমেশন শীট (Information Sheet) -১ : OSH অনুশীলন করতে পারবে.....	৫
সেলফ চেক (Self-Check) ১: OSH অনুশীলন করতে পারবে।.....	১৩
উত্তরপত্র (Answer Key)- ১: OSH অনুশীলন করতে পারবে।.....	১৪
টাস্ক শীট (Task Sheet) ১.১: হাজার্ড ইনস্পেকশন চেকলিষ্ট ব্যবহার করে হাজার্ড চিহ্নিত করুন.....	১৬
টাস্ক (Task Sheet) ১.২: ব্যক্তিগত হাইজিন বজায় রাখা.....	১৮
শিখনফল (Learning Outcome)- ২ : ব্রেড ডো তৈরি করতে পারবে.....	১৯
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: ব্রেড ডো তৈরি করতে পারবে.....	২১
ইনফরমেশন শীট (Information Sheet) : ২ ব্রেড ডো তৈরি করা.....	২২
সেলফ চেক (Self-Check)- ২: ব্রেড ডো তৈরি করতে পারবে.....	৩৭
উত্তর পত্র (Answer Sheet) - ২: ব্রেড ডো তৈরি করতে পারবে.....	৩৮
টাস্ক শীট (Task Sheet) ২.: ডো এর রেসিপি অনুসারে উপাদানগুলো নির্বাচন করে পরিমাপ এবং ওজন করা.....	৩৯
জব শীট (Job Sheet) ২.২ সরঞ্জাম সেট করে ডো মেশানোর জন্য প্রস্তুত করুন.....	৪০
জব-শীট (Job Sheet)- ২.৩ ব্রেড ডো তৈরী করুন।.....	৪১
স্পেসিফিকেশন শীট (Specification Sheet)- ২.৩: ব্রেড ডো তৈরী করুন।.....	৪২
শিখনফল (Learning Outcome)- ৩ : মধ্যবর্তী পুফের জন্য স্কেল এবং মোল্ড তৈরি করতে পারবে.....	৪৩
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: মধ্যবর্তী পুফের জন্য স্কেল এবং মোল্ড তৈরি করা.....	৪৪
ইনফরমেশন শীট (Information Sheet)- ৩: মধ্যবর্তী পুফের জন্য স্কেল এবং মোল্ড তৈরি করতে পারবে.....	৪৫
সেলফ চেক (Self-Check)-৩: মধ্যবর্তী পুফের জন্য স্কেল এবং মোল্ড তৈরি করতে পারবে.....	৪৮
উত্তরপত্র (Answer Sheet) ৩: মধ্যবর্তী পুফের জন্য স্কেল এবং মোল্ড তৈরি করতে পারবে.....	৪৯
জব শীট (Job Sheet) ৩.১: প্রাথমিক আকৃতি প্রদানের জন্য ডো মোল্ড করুন.....	৫০
স্পেসিফিকেশন শীট (Specification Sheet)- ৩.১: প্রাথমিক আকৃতি প্রদানের জন্য ডো মোল্ড করুন.....	৫১
টাস্ক শীট (Task Sheet) ৩.১. স্কেল করা ডো এর ত্রুটিগুলি চিহ্নিত করে অপসারণ বা সংশোধন করা.....	৫২
শিখনফল (Learning Outcome)- ৪: ফাইনাল মোল্ড তৈরি করতে পারবে.....	৫৩
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪: ফাইনাল মোল্ড তৈরি করতে পারবে.....	৫৪
ইনফরমেশন শীট (Information Sheet)- ৪: ফাইনাল মোল্ড তৈরি করতে পারবে.....	৫৫
সেলফ চেক (Self-Check)- ৪: ফাইনাল মোল্ড তৈরি করতে পারবে.....	৫৭
উত্তর পত্র (Answer Sheet) ৪: ফাইনাল মোল্ড তৈরি করতে পারবে.....	৫৮
জব শীট (Job Sheet) ৪.১: ফাইনাল মোল্ড তৈরি করা.....	৫৯
স্পেসিফিকেশন শীট (Specification Sheet)- ৪.১: ফাইনাল মোল্ড তৈরি করা.....	৬০
শিখনফল (Learning Outcome)- ৫: ফাইনাল পুফ তৈরি করতে পারবে.....	৬১

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৫: ফাইনাল পুফ তৈরি করতে পারবে.....	৬২
ইনফরমেশন শীট (Information Sheet)- ৫: ফাইনাল পুফ তৈরি করতে পারবে.....	৬৩
সেলফ চেক (Self-Check)- ৫: ফাইনাল পুফ তৈরি করতে পারবে	৬৫
উত্তর পত্র (Answer Sheet)- ৫: ফাইনাল পুফ তৈরি করতে পারবে	৬৬
জব শীট (Job Sheet) ৫.১: ডো এর ফাইনাল পুফিং করুন	৬৭
স্পেসিফিকেশন শীট (Specification Sheet)- ৪.১: ফাইনাল মোন্ড তৈরি করা	৬৮
টাস্ট শীট (Job Sheet) ৫.১. ফাইনাল পুফিং এর ত্রুটিগুলি চিহ্নিত করুন এবং গুনগতমান অনুযায়ী সংশোধন করুন	৬৯
শিখনফল (Learning Outcome)- ৬: ব্রেড বেকিং করতে পারবে.....	৭০
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৬ : ব্রেড বেকিং করতে পারবে.....	৭১
ইনফরমেশন শীট (Information Sheet) ৬: ব্রেড বেকিং করতে পারবে	৭২
সেলফ চেক (Self-Check)-৬: ব্রেড বেকিং করতে পারবে	৭৪
উত্তরপত্র (Answer Sheet) ৬: ব্রেড বেকিং করতে পারবে.....	৭৫
জব শীট (Job Sheet)৬.১: ব্রেড বেকিং করুন এবং বেকিং প্রক্রিয়া পর্যবেক্ষন করুন।	৭৬
স্পেসিফিকেশন শীট (Specification Sheet)-: ৬.১: ব্রেড বেকিং করুন এবং বেকিং প্রক্রিয়া পর্যবেক্ষন করুন।.....	৭৭
শিখনফল (Learning Outcome)- ৭: সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার রাখতে পারবে.....	৭৭
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) : ৭ সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার রাখতে পারবে.....	৭৮
ইনফরমেশন শীট (Information Sheet) ৭: সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার রাখতে পারবে	৭৯
সেলফ চেক (Self-Check)- ৭: সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার রাখতে পারবে.....	৮৪
উত্তরপত্র (Answer Sheet)-৭: সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার রাখা	৮৫
টাস্ক শীট (Task Sheet)- ৭.১: সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার রাখা	৮৬
টাস্ক শীট (Task Sheet)- ৭.২: পরিবেশগত পদ্ধতি অনুযায়ী ওয়েস্ট ডিসপোস করা	৮৭
দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....	৮৮

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	ব্রেড বেকিং সম্পাদন করা
ইউ ও সি কোড	OU-AGF-BAK-01-L3-V1
মডিউল শিরোনাম	ব্রেড বেকিং সম্পাদন করণ
মডিউলের বর্ণনা	এ মডিউলে ব্রেড বেকিং সম্পাদন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা, ও আচরণ (কেএসএ) সম্পর্কিত কাজগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে ওএসইচ অনুশীলন করা, ব্রেড ডো তৈরি করা, মধ্যবর্তী পুফের জন্য স্কেল, মোল্ড তৈরি করা, ফাইনাল হাঁচ তৈরি করা, পুফ চূড়ান্ত করা, ব্রেড বেকিং করা ও সরঞ্জাম এবং কাজের এলাকা পরিষ্কার করার দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।
নমিনাল সময়	৮০ ঘন্টা
শিখনফল	এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন। <ol style="list-style-type: none"> ১. OSH অনুশীলন করতে পারবে ২. ব্রেড ডো তৈরি করতে পারবে ৩. মধ্যবর্তী পুফ এর জন্য স্কেল এবং মোল্ড তৈরি করতে পারবে ৪. ফাইনাল মোল্ড তৈরি করতে পারবে ৫. ফাইনাল পুফ তৈরি করতে পারবে ৬. ব্রেড বেকিং করতে পারবে ৭. সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার রাখতে পারবে

কর্মদক্ষতা মূল্যায়নের মানদণ্ড (Assessment Criteria)

১. কাজের ক্ষেত্রে হাউজিকিপিং স্ট্যান্ডার্ড বজায় রাখা হয়েছে।
২. কাজের প্রয়োজন অনুযায়ী অকুপেশনাল সেফটি এন্ড হেলথ অনুসরণ করা হয়েছে।
৩. ব্যক্তিগত হাইজিন বজায় রাখা হয়েছে এবং পিপিই জবের প্রয়োজন অনুযায়ী পরিধান করা হয়েছে।
৪. হাইজিনের প্রয়োজনীয়তা এবং উপাদানের জন্য টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার করতে সক্ষম হয়েছে।
৫. ব্রেড ডো তৈরি করার জন্য রেসিপি অনুসারে উপাদানগুলি নির্বাচন, পরিমাপ এবং ওজন করতে সক্ষম হয়েছে।
৬. সারঞ্জম সেট করে ডো মেশানোর জন্য প্রস্তুত করা হয়েছে
৭. উপাদানগুলি মিস্ট্রারে ঢেলে দেওয়া হয়েছে।
৮. কাজের প্রয়োজন অনুযায়ী মিশ্রণ প্রক্রিয়া পরিচালনা এবং মনিটর করা হয়েছে।
৯. ক্রটিযুক্ত ডো চিহ্নিত করে সংশোধন করা হয়েছে।
১০. ডো এর প্রয়োজনীয়তা পূরণ করে তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে
১১. বিভিন্ন ধরনের ব্রেডের জন্য ডো পরিমাপ করতে সক্ষম হয়েছে।
১২. প্রাথমিক আকৃতি প্রদানের জন্য ডো মোল্ড করতে সক্ষম হয়েছে।
১৩. রেসিপির প্রয়োজনে ফুটস, বাদাম ইত্যাদি যোগ করতে সক্ষম হয়েছে।
১৪. অন্যান্য ভেরিয়েবল সহ সমস্ত কারণ বিবেচনা করতে স্কেল করা ডো এর ক্রটিগুলো চিহ্নিত করে তা অপসারণ বা সংশোধন করতে সক্ষম হয়েছে।

১৫. ফাইনাল আকার প্রদান করার জন্য ডো মোল্ড করতে সক্ষম হয়েছে।
১৬. মোল্ড টিনের মধ্যে বা বেকিং ট্রেতে প্রয়োজন অনুসারে স্থাপন করতে সক্ষম হয়েছে।
১৭. মোল্ড নির্মাণ সরঞ্জাম ব্যবহার করে ডো ম্যানুয়ারি বা যান্ত্রিকভাবে আকৃতি দেয়া হয়েছে।
১৮. তাপমাত্রা এবং সময় সহ অনুকূল অবস্থা বজায় রাখতে সক্ষম হয়েছে।
১৯. ফাইনাল পুফ ডো এর ত্রুটিগুলি চিহ্নিত করে সংশোধন করা হয়েছে।
২০. কাজের প্রয়োজন অনুযায়ী ফাইনাল পনের গুনগতমানের বৈশিষ্ট্য বজায় রাখতে সক্ষম হয়েছে।
২১. স্ট্যান্ডার্ড পদ্ধতি প্রয়োগ করে ফাইনাল পুফ সম্পন্ন করতে সক্ষম হয়েছে
২২. পণ্যের স্পেসিফিকেশন অনুযায়ী ওভেন প্রিহিট করতে সক্ষম হয়েছে।
২৩. বেকিংয়ের জন্য ওভেন পরিচালিত করতে সক্ষম হয়েছে।
২৪. খাদ্য নিরাপত্তা এবং মানের প্রয়োজনীয়তা অনুযায়ী ব্রেড বেক করতে সক্ষম হয়েছে।
২৫. কম ব্রেড বো ব্রেড পন্য চিহ্নিত করতে সক্ষম হয়েছে এবং সংশোধন করতে সক্ষম হয়েছে।
২৬. বেকিং প্রক্রিয়া পর্যবেক্ষণ করতে সক্ষম হয়েছে।
২৭. স্বাস্থ্যবিধি প্রয়োজনীয়তা পূরণের জন্য সরঞ্জাম এবং কর্মস্থল পরিষ্কার করতে সক্ষম হয়েছে।
২৮. রক্ষণাবেক্ষনের প্রয়োজনীয়তা চিহ্নিত করা এবং কর্মক্ষেত্রের প্রয়োজনীয়তা অনুযায়ী রিপোর্ট করতে সক্ষম হয়েছে।
২৯. পরিবেশগত পদ্ধতি অনুযায়ী ওয়েস্ট ডিসপোস করতে সক্ষম হয়েছে।
৩০. ফাইনাল আকার প্রদান করার জন্য ডো মোল্ড করতে সক্ষম হয়েছে।
৩১. মোল্ড টিনের মধ্যে বা বেকিং ট্রেতে প্রয়োজন অনুসারে স্থাপন করতে সক্ষম হয়েছে।
৩২. মোল্ড নির্মাণ সরঞ্জাম ব্যবহার করে ডো ম্যানুয়ালি বা যান্ত্রিকভাবে আকৃতি দেয়া হয়েছে।

শিখনফল (Learning Outcome)- ১: OSH অনুশীলন করা

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. কাজের ক্ষেত্রে হাউজিকিপিং স্ট্যান্ডার্ড বজায় রাখা হয়েছে। ২. কাজের প্রয়োজন অনুযায়ী অকুপেশনাল সেফটি এন্ড হেলথ অনুসরণ করা হয়েছে। ৩. ব্যক্তিগত হাইজিন বজায় রাখা হয়েছে এবং পিপিই জবের প্রয়োজন অনুযায়ী পরিধান করা হয়েছে। ৪. হাইজিনের প্রয়োজনীয়তা এবং উপাদানের জন্য টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার করতে সক্ষম হয়েছে।
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগক, কলম, পেন্সিল ও ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ডিভাইস ১০. প্রয়োজনীয় পিপিই
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. হাউজিকিপিং স্ট্যান্ডার্ড ২. 5S অব হাউজিকিপিং ৩. অকুপেশনাল সেফটি এবং হেলথ ৪. হাজার্ড ৫. হাজার্ড এর প্রকারভেদ ৬. হাজার্ড নিয়ন্ত্রণ ৭. ব্যক্তিগত হাইজিন ৮. প্রয়োজনীয় পিপিই ৯. হাইজিনের প্রয়োজনীয়তা
একক্টিভিটি/টাসক/জব	<ol style="list-style-type: none"> ১. হাজার্ড ইনস্পেকশন চেক লিষ্ট ব্যবহার করে হাজার্ড চিহ্নিত করুন ২. ব্যক্তিগত হাইজিন বজায় রাখুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : OSH অনুশীলন করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “OSH অনুশীলন করা” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শীট পড়তে হবে।	২. ইনফরমেশন শীট ১ : OSH অনুশীলন করা।
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শীট ১ - OSH অনুশীলন করা। উত্তরপত্র ১ - OSH অনুশীলন করা।
৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শীট ১.১: হাজার্ড ইনস্পেকশন চেক লিষ্ট ব্যবহার করে হাজার্ড চিহ্নিত করা টাস্ক শীট ১.২: ব্যক্তিগত হাইজিন বজায় রাখা

ইনফরমেশন শীট (Information Sheet) -১ : OSH অনুশীলন করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

- ১.১ কাজের ক্ষেত্রে হাউজকিপিং স্ট্যান্ডার্ড
- ১.২ 5S অব হাউজকিপিং
- ১.৩ অকুপেশনাল সেফটি এবং হেলথ
- ১.৪ হাজার্ড
- ১.৫ হাজার্ড এর প্রকারভেদ
- ১.৬ হাজার্ড নিয়ন্ত্রণ
- ১.৭ ব্যক্তিগত হাইজিন
- ১.৮ প্রয়োজনীয় পিপিই
- ১.৯ হাইজিনের প্রয়োজনীয়তা

১.১ হাউস কিপিং স্ট্যান্ডার্ড

হাউসকিপিং বলতে একটি নির্দিষ্ট পরিবেশের (বাড়ি বা কর্মক্ষেত্র বা বাণিজ্যিক সুবিধা) মধ্যে পরিচ্ছন্নতা, শৃঙ্খলা, ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ বোঝায়। পরিবেশ পরিষ্কার, স্বাস্থ্যকর, নিরাপদ এবং নান্দনিকভাবে আনন্দদায়ক তা নিশ্চিত করার লক্ষ্যে সম্পাদিত কাজ এবং দায়িত্ব এর অন্তর্ভুক্ত।

হাউসকিপিং স্ট্যান্ডার্ড বলতে প্রতিষ্ঠিত নির্দেশিকা, পদ্ধতি এবং প্রোটোকলগুলোকে নির্দেশ করে যা একটি নির্দিষ্ট পরিবেশের মধ্যে প্রয়োজনীয় পরিচ্ছন্নতা লেবেল ও স্বাস্থ্যবিধি বোঝায়। স্বাস্থ্য, নিরাপত্তা, দক্ষতা এবং নান্দনিক আবেদনের বিকাশ করে এমন পদ্ধতিতে একটি মান বজায় রাখা নিশ্চিত করার জন্য এই মানগুলো সেট করা হয়।

হাউসকিপিং এর অন্তর্ভুক্ত বিষয়সমূহ

- ক. **পরিষ্কার:** এতে ময়লা, ধুলো এবং ধ্বংসাবশেষ অপসারণের জন্য ঝাড়ু দেওয়া, মোপিং, ডাস্টিং, ভ্যাকুয়াম করা এবং পৃষ্ঠ মোছা, স্যানিটাইজিং এবং জীবাণুমুক্ত করার কাজ অন্তর্ভুক্ত।
- খ. **অর্গানাইজেশন:** হাউসকিপিং এর মধ্যে আইটেম, আসবাবপত্র এবং সরঞ্জামগুলোকে একটি পদ্ধতিগত এবং দক্ষ পদ্ধতিতে সংগঠিত করা এবং সাজানো জড়িত।
- গ. **রক্ষণাবেক্ষণ:** সরঞ্জাম, যন্ত্রপাতি এবং সুবিধাগুলো ব্যবহারের উপযুক্ত আছে কিনা তা নিশ্চিত করার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণের কাজগুলোও এর অন্তর্ভুক্ত।
- ঘ. **নিরাপত্তা:** সম্ভাব্য বিপদ চিহ্নিত করা, যেমন- হাঁটার পথ চিহ্নিত ও পরিষ্কার করা, সঠিক বায়ুচলাচল নিশ্চিত করা এবং দুর্ঘটনা এবং আঘাত প্রতিরোধে সুরক্ষা প্রোটোকল প্রয়োগ করা।
- ঙ. **নান্দনিকতা:** কাজের এলাকা পরিপাটি, ভালভাবে রাখা, এবং নান্দনিকভাবে আনন্দদায়ক তা নিশ্চিত করার মাধ্যমে আবেদনে বজায় রাখা।

১.২ 5s অফ হাউজকিপিং

5'S পদ্ধতি হল কর্মক্ষেত্রের সংগঠন এবং স্ট্যান্ডার্ডাইজেশনের একটি পদ্ধতিগত উপায়; যার লক্ষ্য দক্ষতা, নিরাপত্তা এবং গুণমান উন্নত করা। পদ্ধতিটি জাপানে উদ্ভূত হয়েছে এবং পাঁচটি জাপানি শব্দের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। প্রতিটি শব্দ "S" অক্ষর দিয়ে শুরু হয়েছে বলে একে 5'S মেথডস বলা হয়।

- Seiri - Sort – বাছাই করা
- Seiton - Set in Order- ক্রমানুসারে সেট করা
- Seiso - Shine- চকচকে করা
- Seiketsu - Standardize-মান/মাত্রা নির্ধারণ করা
- Seiketsu - Standardize-মান/মাত্রা নির্ধারণ করা
- Shitsuke - Sustain- টেকসই করা

নিম্নে এদের সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলো-

Seiri – Sort- বাছাই: কর্মক্ষেত্রে আইটেমগুলো থেকে অপ্রয়োজনীয় আইটেমগুলো সরানো, বিশৃঙ্খলা হ্রাস করা এবং প্রয়োজনীয় আইটেমগুলো সাজানোর মাধ্যমে প্রক্রিয়া এবং কর্মপ্রবাহকে সুগম করা।

Seiton - Set in Order- ক্রমানুসারে সেট করা: একটি যৌক্তিক এবং দক্ষ পদ্ধতিতে প্রয়োজনীয় আইটেমগুলোর জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ করা এবং সহজে অ্যাক্সেসের জন্য তাদের লেবেল করা, সংগঠিত করা এবং সাজানো।

Seiso – Shine- চকচকে করা: কর্মক্ষেত্রটি পরিষ্কার-পরিচ্ছন্ন, পরিপাটি, ধ্বংসাবশেষ এবং বিপদ থেকে মুক্ত করার মাধ্যমে অতি উত্তমরূপে চকচকে করা।

Seiketsu – Standardize- মান/মাত্রা নির্ধারণ করা: কর্মক্ষেত্রে একই মান বজায় রাখার জন্য প্রত্যেকে একই প্রোটোকল অনুসরণ করতে পারে এমন স্পষ্ট এবং সামঞ্জস্যপূর্ণ পদ্ধতি, নির্দেশিকা স্থাপন ও প্রয়োগ নিশ্চিত করা।

Shitsuke – Sustain- টেকসই করা: 5S প্রক্রিয়ার মাধ্যমে করা উন্নতিগুলো বজায় রাখার জন্য ক্রমাগত উন্নতি এবং 5S নীতির সাথে আনুগত্যের সংস্কৃতি গড়ে তোলার মাধ্যমে দীর্ঘ মেয়াদে এর সুফল ভোগ করা।

১.৩ অকুপেশনাল সেফটি এবং হেলথ

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য (ওএসএইচ) অনুশীলনগুলো কাজ বা কর্মসংস্থানে নিযুক্ত ব্যক্তিদের নিরাপত্তা, স্বাস্থ্য এবং কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে পদ্ধতি, নীতি এবং প্রবিধানের সমষ্টিকে বোঝায়। এই অনুশীলনগুলো কর্মক্ষেত্রে দুর্ঘটনা, আঘাত এবং অসুস্থতা প্রতিরোধ করার জন্য এবং একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশের উন্নত করার জন্য ডিজাইন করা হয়।

OSH অনুশীলনের মূল উপাদানগুলো হলো-

- ক. **ঝুঁকি মূল্যায়ন:** সম্ভাব্য বিপদ চিহ্নিত করা এবং এদের ঝুঁকিগুলো মূল্যায়ন করা। কর্মীদের ক্ষতির সম্ভাব্য উৎস নির্ধারণের জন্য কাজের পরিবেশ, সরঞ্জাম, উপকরণ এবং প্রক্রিয়াগুলো পরীক্ষা করা।
- খ. **হাজার্ড নিয়ন্ত্রণ:** কর্মক্ষেত্রে বিপদ দূরীকরণ বা কমানোর জন্য ব্যবস্থা বাস্তবায়ন করা। এতে প্রকৌশল নিয়ন্ত্রণ (যেমন, সরঞ্জাম বা প্রক্রিয়া পরিবর্তন), প্রশাসনিক নিয়ন্ত্রণ (যেমন, নিরাপত্তা পদ্ধতি বাস্তবায়ন), এবং ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) সম্পৃক্ত।

- গ. **প্রশিক্ষণ এবং শিক্ষা:** কর্মীদের নিরাপদে তাদের কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং দক্ষতা প্রদান করা। সরঞ্জামের সঠিক ব্যবহার, বিপজ্জনক উপকরণ হ্যান্ডেলিং, জরুরী পদ্ধতি এবং কর্মক্ষেত্রের বিপদ সনাক্তকরণ এবং প্রতিক্রিয়া বিষয়ক প্রশিক্ষণ।
- ঘ. **নিরাপত্তা নীতি এবং পদ্ধতি:** একটি নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য স্পষ্ট এবং ব্যাপক নীতি এবং পদ্ধতি নির্ধারণ করা। ঝুঁকির প্রতিবেদন করা, জরুরী পরিস্থিতিতে সাড়া দেওয়া, নিরাপত্তা পরিদর্শন পরিচালনা এবং তদন্ত করার প্রোটোকল অন্তর্ভুক্ত।
- ঙ. **স্বাস্থ্য বিষয়ক প্রচার:** কর্মক্ষেত্রে সুস্থতা প্রোগ্রাম, অর্গোনমিক ঝুঁকির মূল্যায়ন এবং চিকিৎসা পরিষেবাগুলোতে সহজলভ্য করার মতো উদ্যোগের মাধ্যমে কর্মচারীদের স্বাস্থ্য এবং সুস্থতার প্রচার করা। কার্যকরী OSH অনুশীলনগুলো বাস্তবায়নের মাধ্যমে, প্রতিষ্ঠানগুলো তাদের কর্মীদের ক্ষতি থেকে রক্ষা করতে, কর্মক্ষেত্রে আঘাত এবং অসুস্থতার ঘটনা কমাতে, উৎপাদনশীলতা বাড়াতে এবং কর্মচারীদের সুস্থতার প্রতি তাদের প্রতিশ্রুতি প্রদর্শন করতে পারে।

১.৪ হাজার্ড

মানুষ ও সম্পদের ক্ষতি হওয়ার উৎসই হাজার্ড যা আহত হওয়া ও কারখানা সম্পদের ও যন্ত্রপাতির ক্ষতির কারন হয়। অতএব হাজার্ড হলোঃ

- যখন কোন কিছু বা কোন বিষয় কোন ব্যক্তির স্বাস্থ্যের ক্ষতি করে বা ক্ষতির কারন হয়।
- কোন বিষয় কোন সম্পদের/ পরিবেশের ক্ষতির কারন হয়।
- উল্লেখিত উভয়ই ঘটতে পারে।

১.৫ হাজার্ডের প্রকারভেদ

এখানে বেকিং শিল্পে কিছু সাধারণ ধরনের হাজার্ড উল্লেখ করা হলো-

ফিজিক্যাল হাজার্ড

- মিস্কানার, ওভেন এবং স্লাইসারের মতো যন্ত্রপাতি সঠিকভাবে ব্যবহার না করলে কাটা, পোড়া এবং পিষে যাওয়ার মতো আঘাতের কারণ হতে পারে।
- ময়দা, চিনি বা নিয়ম না মেনে সংরক্ষিত অন্যান্য উপাদানের ব্যাগ পড়ে গিয়ে শ্রমিকদের আহত করতে পারে।
- মেঝেতে ছড়িয়ে পড়া পানির কারণে স্লিপ, ট্রিপ এবং পতনের ঝুঁকি বাড়ে।
- উপাদানের ভারী ব্যাগ তোলা বা ঘন ঘন বাঁকানোর মতো পুনরাবৃত্তিমূলক কাজগুলো অর্গোনমিক হাজার্ডের কারণ হতে পারে।

কেমিক্যাল হাজার্ড

- বাদাম, সয়া, দুগ্ধ এবং গ্লুটেনের মতো উপাদানগুলো সাধারণ অ্যালার্জেন এবং সঠিকভাবে লেবেল বা হ্যান্ডেল
- না করা হলে সংবেদনশীল ব্যক্তিদের মধ্যে মারাত্মক প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে।
- পরিষ্কারের রাসায়নিক: অনুপযুক্ত ব্যবহার বা পরিষ্কারের রাসায়নিকের মিশ্রণের ফলে বিষাক্ত ধোঁয়া বা ত্বকে
- জ্বালা হতে পারে।
- ক্লিনিং, সেনিটাইজিং ও কীটনাশক এর ব্যবহার ঝুঁকি তৈরি করতে পারে।

বায়োলজিক্যাল হাজার্ড:

- ব্যাকটেরিয়া, ভাইরাস এবং ছত্রাকের মতো প্যাথোজেন খাদ্যের উপাদান বা তৈরি পণ্যকে দূষিত করে খাদ্যজনিত অসুস্থতার সৃষ্টি হতে পারে।
- ইঁদুর, পোকামাকড় এবং অন্যান্য কীটপতঙ্গ তাদের বিষ্ঠা, পশম বা দেহ দিয়ে উপাদান এবং পণ্যকে দূষিত করতে পারে।

অন্যান্য হাজার্ড

- উন্মুক্ত আগুন, যন্ত্রপাতি বা বৈদ্যুতিক ত্রুটির কারণে আগুন লাগতে পারে।
- গরম পৃষ্ঠ, সরঞ্জাম বা উপাদানের সংস্পর্শে শ্রমিকদের শরীরের বিভিন্ন অঙ্গ পুড়ে যেতে পারে।
- ওভেন বা চুলার কাছাকাছি গরম পরিবেশে কাজ করলে তাপজনিত অসুস্থতা হতে পারে।
- উপাদান থেকে যেমনঃ গুড়া পাউডার, চুলা থেকে ধোঁয়া, উপাদানের গন্ধ শ্বাস নেওয়ায় ব্যাঘাত ঘটতে পারে।
- শব্দের যন্ত্রপাতি পর্যাপ্তভাবে নিয়ন্ত্রণ না করলে সময়ের সাথে সাথে শ্রবণশক্তি হ্রাস পেতে পারে।
- অতিরিক্ত কাজের চাপ, আঁটসাঁট সময়সীমা এবং পুনরাবৃত্তিমূলক কাজ কর্মীদের মধ্যে মানসিক চাপ সম্পর্কিত স্বাস্থ্য সমস্যার তৈরি করতে পারে।

১.৬ হাজার্ড নিয়ন্ত্রণ

হাজার্ড নিয়ন্ত্রণ ব্যবস্থা একটি নির্দিষ্ট পরিবেশ বা প্রক্রিয়ার মধ্যে বিভিন্ন হাজার্ড সনাক্ত, মূল্যায়ন এবং প্রশমিত করার পদ্ধতিকে বোঝায়। হাজার্ড নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রাথমিক লক্ষ্য হল দুর্ঘটনা, আঘাত, অসুস্থতা বা সম্পত্তি এবং পরিবেশের ক্ষতি প্রতিরোধ করা।

হাজার্ড নিয়ন্ত্রণের ধাপ

- ক. **হাজার্ড সনাক্তকরণ:** নির্দিষ্ট পরিবেশ বা প্রক্রিয়ার মধ্যে সম্ভাব্য বিপদ চিহ্নিত করা।
- খ. **ঝুঁকি মূল্যায়ন:** একবার হাজার্ড চিহ্নিত হয়ে গেলে, তাদের ঝুঁকির মাত্রা নির্ধারণের জন্য মূল্যায়ন করতে হবে। প্রতিটি হাজার্ডের সাথে সম্পর্কিত ক্ষতির সম্ভাব্য তীব্রতা এবং ঘটার ফ্রিকোয়েন্সি মূল্যায়ন করা হয়।
- গ. **নিয়ন্ত্রণ ব্যবস্থা:** ঝুঁকি মূল্যায়নের উপর ভিত্তি করে, চিহ্নিত হাজার্ডগুলো দূর করতে বা কমানোর জন্য নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করা হয়। নিয়ন্ত্রণ ব্যবস্থার মধ্যে রয়েছে ঝুঁকি দূর করা (যেমন একটি নির্দিষ্ট কাজ, প্রক্রিয়া, পদার্থ বা সরঞ্জাম ব্যবহার করা হতে বিরত থাকা); প্রতিস্থাপন (কম ক্ষতিকারক বা বিপজ্জনক ডিভাইস, পদার্থ, পদ্ধতি, প্রক্রিয়া, স্থান বা ব্যক্তি ব্যবহার করা); আলাদা করা (ব্যক্তি, পরিবেশ বা কাজের এলাকা থেকে হাজার্ড বিচ্ছিন্ন করা); ইঞ্জিনিয়ারিং নিয়ন্ত্রণ (মেশিন গার্ড, বায়ুচলাচল ব্যবস্থা); প্রশাসনিক নিয়ন্ত্রণ (প্রশিক্ষণ, কাজের পদ্ধতি) এবং ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) অন্তর্ভুক্ত।

Level 1. Elimination

Level 2. Safe place options

- Substitution
- Isolation
- Engineering Controls

Level 3. Safe person options

- Administrative Controls
- Personal protective equipment

- ঘ. মনিটরিং এবং পর্যালোচনা: হাজার্ড নিয়ন্ত্রণ ব্যবস্থার কার্যকারিতা নিয়মিতভাবে পর্যবেক্ষণ করা উচিত এবং পর্যালোচনা করা উচিত যাতে নিয়ন্ত্রণগুলো কার্যকর থাকে এবং নতুন হাজার্ড চিহ্নিত করা যায় এবং সমাধান করা হয়।
- ঙ. ডকুমেন্টেশন এবং যোগাযোগ: হাজার্ড মূল্যায়ন, নিয়ন্ত্রণ ব্যবস্থা, পর্যবেক্ষণের ফলাফল এবং সিস্টেমে করা যেকোনো পরিবর্তন বা আপডেট সহ হাজার্ড নিয়ন্ত্রণ ব্যবস্থার সমস্ত দিক নথিভুক্ত করা উচিত।
- চ. ক্রমাগত উন্নতি: একটি হাজার্ড নিয়ন্ত্রণ ব্যবস্থা ক্রমাগত উন্নতির ব্যবস্থা থাকা উচিত। কর্মীদের কাছ থেকে প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত করা, প্রবণতা বিশ্লেষণ করা, নতুন প্রযুক্তি এবং বিপদ নিয়ন্ত্রণের সর্বোত্তম অনুশীলন সম্পর্কে আপডেট থাকা উচিত।

সামগ্রিকভাবে, একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ উন্নয়নের জন্য, ঝুঁকি হ্রাস করার জন্য এবং নিয়ন্ত্রক প্রয়োজনীয়তাগুলো মেনে চলার জন্য একটি সু-পরিকল্পিত হাজার্ড নিয়ন্ত্রণ ব্যবস্থা অপরিহার্য। এটির কার্যকারিতা নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা থেকে প্রতিশ্রুতি, কর্মীদের সক্রিয় অংশগ্রহণ এবং নিয়মিত মূল্যায়ন এবং পরিমার্জন প্রয়োজন।

১.৭ ব্যক্তিগত স্বাস্থ্যবিধি (পার্সোনাল হাইজিন)

ব্যক্তিগত স্বাস্থ্যবিধি হলো শরীরের পরিচ্ছন্নতা বজায় রাখা এবং রক্ষণাবেক্ষণের নীতি মেনে চলা। অন্য কথায়, পার্সোনাল হাইজিন বলতে বুঝায় খাদ্য শিল্প কারখানায় নিয়োজিত কর্মচারীদের পোশাক-পরিচ্ছদ, চেহারা, স্বাস্থ্য, অভ্যাস ইত্যাদি স্বাস্থ্যসম্মত রাখার পদ্ধতিসমূহ। ব্যক্তিগত স্বাস্থ্যবিধির মাঝে চলে আসে নিজের পরিষ্কার পরিচ্ছন্নতা, কাপড়ের পরিষ্কার পরিচ্ছন্নতা, সুন্দর জীবন-যাপনের প্রণালি, খাদ্যাভ্যাস বা ডায়েট প্ল্যান, বিশ্রামের সময়সূচী, ঘুমের পরিমাণ, শারীরিক রিশ্রমের পরিমাণ ও ধরণ অর্থাৎ ব্যক্তিগতভাবে সুস্থ থাকার জন্য যা কিছু করার প্রয়োজন তার সবই আছে ব্যক্তিগত হাইজিনে। ব্যক্তিগত স্বাস্থ্যবিধির মূল লক্ষ্য হলো আমাদের শারীরিক ও মানসিক সক্ষমতা বাড়ানো।

ব্যক্তিগত স্বাস্থ্যবিধানের দিকে মনোযোগ দিয়ে যে কর্মীরা খাদ্যদ্রব্যগুলো তৈরি, হ্যান্ডেল পরিবেশন করে তাদের দ্বারা জীবাণু এবং রোগ ছড়াতে পারে না। যারা অসুস্থ বা অপরিষ্কার তাদের খাবার তৈরি বা পরিবেশন করা উচিত নয়।

স্বাস্থ্য রক্ষার সাধারণ নিয়ম:




স্বাস্থ্য রক্ষার সাধারণ নিয়ম হিসাবে নিম্নলিখিত বিষয়সমূহ নিয়মিত অনুশীলন করা প্রয়োজন-

- সময়মতো ও পরিমিত আহার
- সুষম খাদ্য গ্রহণ
- নিয়মিত গোসল
- নিয়মিত ব্যায়াম ও ভ্রমণের অভ্যাস
- সকাল সকাল নিদ্রা গ্রহণ ও সকাল সকাল জাগরণ
- নিয়মিত মল ত্যাগের অভ্যাস
- ধূমপান ও নেশা জাতীয় দ্রব্য বর্জন
- কাজের পর পরিমিত বিশ্রাম গ্রহণ
- চিন্তামুক্ত ও সহজ জীবনযাপন প্রণালী অনুসরণ
- কাশি এবং হাঁচির সময় রুমাল ব্যবহার করা
- সব সময় পরিষ্কার কাপড় পরিধান করা এবং পরিষ্কার কাপড় ব্যবহার করা
- উৎপাদন এলাকায় থাকাকালীন চুল অবশ্যই পরিষ্কার এবং ঢেকে রাখতে হবে।
- কাজের ধরণ অনুসারে প্রয়োজনীয় পিপিই পরিধান করতে হবে।

যে কাজ গুলো পরিহার করতে হবে-

- রান্নাঘরের কাছে চুল আঁচড়ানো উচিত নয়।
- খাবার তৈরি ও পরিবেশনের জায়গায় হাত দিয়ে নাক-মুখ স্পর্শ করা উচিত নয়।
- সর্দি-কাশিতে আক্রান্ত ব্যক্তিদের খাবারের সংস্পর্শে আসা উচিত নয়।
- গহনার আংটি এবং ঘড়ি খাবার তৈরি এবং পরিবেশন এলাকায় পরা উচিত নয়।
- খাবার তৈরি এবং পরিবেশন করার জায়গায় ধূমপান থেকে বিরত থাকতে হবে।
- খাবারের স্বাদ নিতে আঙুল ব্যবহার না করা।
- খাবার তৈরির কাজে ব্যবহৃত টেবিল/বেঞ্চে বসাতেকে বিরত থাকতে হবে।
- অসুস্থ মানুষের খাবার হ্যান্ডেলিং করা উচিত নয়।

১.৮ প্রয়োজনীয় পিপিই

		
শেফ হ্যাট এর কার্যকারিতাঃ এটি আকারে লম্বা এবং সাদা। এটি নিষ্পত্তিযোগ্য কাগজ, স্টার্চড লিনেন বা হালকা ওজনের শক্তিশালী উপকরণ থেকে তৈরি করা করা হয়। খাবারের উপর চুল পড়া রোধ করার জন্য এটি পরা হয়।	জ্যাকেট এর কার্যকারিতাঃ এটি সাধারণত সাদা, ডাবল ব্রেস্টেড এবং অপসারণযোগ্য প্লাস্টিকের বোতাম থাকতে পারে। চুলার তাপ এবং ফুটন্ত তরল থেকে হাত, বুক ও পেটের অংশ সুরক্ষা পেতে ব্যবহৃত হয়। শরীরে খাবার লেগে যাওয়া রোধ করার জন্যও এটি ব্যবহার করা হয়	এপ্রোন এর কার্যকারিতাঃ এটি অপসারণযোগ্য টেপ সহ পুরু সাদা লিনেন। শ্রমিকের সংস্পর্শে আসা আগুন এবং তেল থেকে রক্ষা করার জন্য এটি হাঁটু পর্যন্ত পরিধান করা হয়।

		
<p>ফুড গ্রেডেড হ্যান্ড গ্লোভস কার্যকারিতাঃ ফুড গ্রেড গ্লোভসগুলি হ্যান্ডলারের হাত এবং খাবারের মধ্যে সরাসরি যোগাযোগ রোধ করতে বাধা হিসাবে কাজ করার জন্য ডিজাইন করা হয়েছে, যা দূষণের ঝুঁকি হ্রাস করে। এগুলি কীচা এবং রান্না করা খাবারের ক্রস-দূষণ রোধ করতে সহায়তা করে যা খাদ্য সুরক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।</p>	<p>সেইফটি সুজ (জুতা) কার্যকারিতাঃ উপযুক্ত জুতা ইউনিফর্মের অন্যান্য অংশের মতোই গুরুত্বপূর্ণ। নিরাপত্তা জুতা বাঞ্ছনীয়, কিন্তু যেখানে বিকল্প ব্যবহার করা হয় তাদের শক্তিশালী উপরের অংশ থাকা উচিত। কাজের সময় পিছলে না পড়ার জন্য, ছুরি বা অন্যান্য বস্তু থেকে পা রক্ষা করার জন্য এটি পরিধান করা হয়।</p>	<p>বিয়ার্ড নেট কার্যকারিতাঃ একটি দাড়ি নেট হ'ল আলাগা চুল থেকে কাজের পরিবেশ রক্ষা করতে জালের মতো মোটা ফ্যাব্রিক দিয়ে তৈরি মুখের চুলের আচ্ছাদন। এই দাড়ি কভার খাদ্য পরিষেবা (রান্নাঘরের মতো), খাদ্য প্রক্রিয়াকরণ প্ল্যান্টে কাজ করার জন্য প্রয়োজনীয় উপাদান হয়ে উঠেছে।</p>
		
<p>কিচেন টাওয়েল এর কার্যকারিতাঃ কিচেন টাওয়েল, যা ডিশ টাওয়েল বা টি বা চা টাওয়েল নামেও পরিচিত, বিশেষত রান্নাঘরের ব্যবহারের জন্য ডিজাইন করা ফ্যাব্রিক টুকরা। এগুলি বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার হয়ে থাকে, যেমন থালা বাসন শুকনো, কাউন্টারটপগুলি মুছতে বা এমনকি গরম পাত্রগুলি পরিচালনা করা। রান্নাঘরের টাওয়েলগুলি সাধারণত উচ্চ শোষণ স্তরের কারণে তুলা থেকে তৈরি করা হয় তবে এগুলি লিনেন বা মাইক্রোফাইবার থেকেও তৈরি করা যেতে পারে।</p>	<p>ফেইস মাস্ক এর কার্যকারিতাঃ খাদ্য শিল্পে ফেস মাস্কগুলি প্রাথমিকভাবে খাদ্য দূষণ রোধ করতে কাজ করে। এগুলি মুখ এবং নাক থেকে সর্দি, লালা বা কোনও স্প্ল্যাটার, বিশেষত কাশি বা হাঁচির সময়, খাবারের সংস্পর্শে আসা থেকে বিরত রাখতে বাধা হিসাবে কাজ করে। এটি খাদ্য সুরক্ষা, ভোক্তাদের আস্থা বজায় রাখতে সহায়তা করে এবং জীবাণুর বিস্তার রোধ করে।</p>	

১.৯ হাইজিনের প্রয়োজনীয়তা

বেকিং শিল্পে খাদ্য নিরাপত্তা, পণ্যের গুণমান, আইনগত চাহিদাপূরণ এবং গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করার জন্য হাউসকিপিং ব্যবস্থা অপরিহার্য। পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যবিধিকে অগ্রাধিকার দিয়ে, বেকারিগুলি তাদের খ্যাতি রক্ষা করতে পারে, ঝুঁকি কমাতে পারে এবং তাদের ব্যবসার সাফল্য ধরে রাখতে পারে। বেকিং ইন্ডাস্ট্রিতে হাইজিনের প্রয়োজনীয়তার কয়েকটি ক্ষেত্র নিম্নে উল্লেখ করা হলো-

- ক. **খাদ্য নিরাপত্তা:** বেকারির সমস্ত এলাকায় পরিচ্ছন্নতা ও স্যানিটেশন বজায় রাখা খাদ্যবাহিত অসুস্থতা প্রতিরোধের জন্য অপরিহার্য।
- খ. **পণ্যের গুণমান:** পরিষ্কার উৎপাদন এলাকা এবং সরঞ্জাম বেকড পণ্যের সামগ্রিক গুণমানে অবদান রাখে। অপরিষ্কারের ফলে দূষিত পদার্থ বা অবশিষ্টাংশগুলি পণ্যের স্বাদ, গঠন এবং চেহারাকে প্রভাবিত করতে পারে।
- গ. **আইনগত চাহিদা:** খাদ্য শিল্প ভোক্তা নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারী সংস্থাগুলির দ্বারা নির্ধারিত কঠোর প্রবিধান এবং মানগুলি মেনে চলা বাধ্যতামূলক। স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশন প্রবিধান মেনে চলতে ব্যর্থতার ফলে জরিমানা এমনকি বেকারি বন্ধ হতে পারে।
- ঘ. **গ্রাহকের আস্থা:** পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যবিধি গুরুত্বপূর্ণ কারণ যা একটি বেকারির পণ্য এবং ব্র্যান্ডের সুনাম অর্জনে সহায়তা করে।

সেলফ চেক (Self-Check) ১: OSH অনুশীলন করা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্ন

১. 5s অফ হাউজকিপিং কী?

উত্তর:

২. হাজার্ড (বিপত্তি) বলকে কী বোঝায়?

উত্তর:

৩. ব্যক্তিগত স্বাস্থ্যবিধি (পার্সোনাল হাইজিন) বলত কী বোঝায়?

উত্তর:

৪. হাইজিনের প্রয়োজনীয়তা উল্লেখ করুন।

উত্তর:

উত্তরপত্র (Answer Key)- ১: OSH অনুশীলন করা

১. 5s অফ হাউজকিপিং কী?

উত্তর: 5'S পদ্ধতি হল কর্মক্ষেত্রের সংগঠন এবং স্ট্যান্ডার্ডাইজেশনের একটি পদ্ধতিগত উপায়; যার লক্ষ্য দক্ষতা, নিরাপত্তা এবং গুণমান উন্নত করা। পদ্ধতিটি জাপানে উদ্ভূত হয়েছে এবং পাঁচটি জাপানি শব্দের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। প্রতিটি শব্দ "S" অক্ষর দিয়ে শুরু হয়েছে বলে একে 5'S মেথডস বলা হয়।

- Seiri - Sort – বাছাই করা
- Seiton - Set in Order- ক্রমানুসারে সেট করা
- Seiso - Shine- চকচকে করা
- Seiketsu - Standardize-মান/মাত্রা নির্ধারণ করা
- Seiketsu - Standardize-মান/মাত্রা নির্ধারণ করা
- Shitsuke - Sustain- টেকসই করা

২. হাজার্ড বলতে কী বোঝায়?

উত্তর: মানুষ ও সম্পদের ক্ষতি হওয়ার উৎসই হাজার্ড যা আহত হওয়া ও কারখানা সম্পদের ও যন্ত্রপাতির ক্ষতির কারণ হয়। অতএব হাজার্ড হলো

- যখন কোন কিছু বা কোন বিষয় কোন ব্যক্তির স্বাস্থ্যের ক্ষতি করে বা ক্ষতির কারণ হয়।
- কোন বিষয় কোন সম্পদের/ পরিবেশের ক্ষতির কারণ হয়।
- উল্লেখিত উভয়ই ঘটতে পারে।

৩. ব্যক্তিগত স্বাস্থ্যবিধি (পার্সোনাল হাইজিন) বলকে কী বোঝায়?

উত্তর: ব্যক্তিগত স্বাস্থ্যবিধি হলো শরীরের পরিচ্ছন্নতা বজায় রাখা এবং রক্ষণাবেক্ষণের নীতি মেনে চলা। অন্য কথায়, পার্সোনাল হাইজিন বলতে বুঝায় খাদ্য শিল্প কারখানায় নিয়োজিত কর্মচারীদের পোশাক-পরিচ্ছদ, চেহারা, স্বাস্থ্য, অভ্যাস ইত্যাদি স্বাস্থ্যসম্মত রাখার পদ্ধতিসমূহ। ব্যক্তিগত স্বাস্থ্যবিধির মাঝে চলে আসে নিজের পরিষ্কার পরিচ্ছন্নতা, কাপড়ের পরিষ্কার পরিচ্ছন্নতা, সুন্দর জীবন-যাপনের প্রণালি, খাদ্যাভ্যাস বা ডায়েট প্ল্যান, বিশ্রামের সময়সূচী, ঘুমের পরিমাণ, শারীরিক রিশমের পরিমাণ ও ধারণ অর্থাৎ ব্যক্তিগতভাবে সুস্থ থাকার জন্য যা কিছু করার প্রয়োজন তার সবই আছে ব্যক্তিগত হাইজিনে।

৪. হাইজিনের প্রয়োজনীয়তা উল্লেখ কর।

উত্তর: বেকিং শিল্পে খাদ্য নিরাপত্তা, পণ্যের গুণমান, আইনগত চাহিদাপূরণ এবং গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করার জন্য হাউসকিপিং ব্যবস্থা অপরিহার্য। পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যবিধিকে অগ্রাধিকার দিয়ে, বেকারিগুলি তাদের খ্যাতি রক্ষা করতে পারে, ঝুঁকি কমাতে পারে এবং তাদের ব্যবসার সাফল্য ধরে রাখতে পারে। বেকিং ইন্ডাস্ট্রিতে হাইজিনের প্রয়োজনীয়তার কয়েকটি ক্ষেত্র নিম্নে উল্লেখ করা হলো-

- ক. **খাদ্য নিরাপত্তা:** বেকারির সমস্ত এলাকায় পরিচ্ছন্নতা ও স্যানিটেশন বজায় রাখা খাদ্যবাহিত অসুস্থতা প্রতিরোধের জন্য অপরিহার্য।
- খ. **পণ্যের গুণমান:** পরিষ্কার উৎপাদন এলাকা এবং সরঞ্জাম বেকড পণ্যের সামগ্রিক গুণমানে অবদান রাখে। অপরিষ্কারের ফলে দূষিত পদার্থ বা অবশিষ্টাংশগুলি পণ্যের স্বাদ, গঠন এবং চেহারাকে প্রভাবিত করতে পারে।

- গ. **আইনগত চাহিদা:** খাদ্য শিল্প ভোক্তা নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারী সংস্থাগুলির দ্বারা নির্ধারিত কঠোর প্রবিধান এবং মানগুলি মেনে চলা বাধ্যতামূলক। স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশন প্রবিধান মেনে চলতে ব্যর্থতার ফলে জরিমানা এমনকি বেকারি বন্ধ হতে পারে।

টাস্ক শীট (Task Sheet) ১.১: হাজার্ড ইনস্পেকশন চেকলিষ্ট ব্যবহার করে হাজার্ড চিহ্নিত করা

কাজের নাম: হাজার্ড ইনস্পেকশন চেকলিষ্ট ব্যবহার করে হাজার্ড চিহ্নিত করুন।

কাজের পদ্ধতি

- উল্লিখিত স্পেসিফিকেশন শীট অনুযায়ী পরিদর্শন চেকলিষ্ট সংগ্রহ করুন
- একটি কর্মশালায় বিভিন্ন এলাকা, মেশিন পরিদর্শন করুন এবং বিপজ্জনক অবস্থা পূরণ করুন
- চেক তালিকা থেকে পাওয়া বিপদ চিহ্নিত করুন

হাজার্ড ইনস্পেকশন চেকলিষ্ট

ক্র: নং	পরিদর্শন ইন্ডিকেটর	আছে	নাই	মন্তব্য
সাধারণ নিরাপত্তা				
১	চলার পথ কি বাধা এবং স্পিল থেকে পরিষ্কার রয়েছে?			
২	জরুরী প্রস্থান পথ কি ক্লিয়ার এবং স্পষ্টভাবে চিহ্নিত করা হয়েছে?			
৩	অগ্নি নির্বাপক যন্ত্রগুলি কি সহজে অ্যাক্সেসযোগ্য এবং ভাল অবস্থায় আছে?			
৪	সমস্ত আলোর ফিক্সচার কি সঠিকভাবে কাজ করছে?			
৫	সমস্ত কর্মক্ষেত্র কি পরিষ্কার এবং বিশৃঙ্খলা থেকে মুক্ত?			
৬	বায়ুচলাচল সিস্টেম দক্ষতার সাথে কাজ করছে?			
সরঞ্জাম নিরাপত্তা				
৭	সমস্ত বেকিং যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলি কি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হয়েছে এবং ভাল কাজের অবস্থায় আছে?			
৮	সরঞ্জামের গার্ড এবং সুরক্ষা ডিভাইসগুলি কি অক্ষত এবং কার্যকরী?			
৯	গরম পৃষ্ঠ এবং যন্ত্রপাতি কি সতর্কতা চিহ্ন দিয়ে চিহ্নিত করা হয়েছে?			
১০	বৈদ্যুতিক কর্ড এবং প্লাগগুলি কি ভাল অবস্থায় আছে?			
রাসায়নিক নিরাপত্তা				
১১	বিপজ্জনক রাসায়নিক সঠিকভাবে স্পেসিফিকেশন অনুসারে সংরক্ষণ করা হয়?			
১২	রাসায়নিকগুলো সঠিকভাবে লেবেল করা এবং সুরক্ষিত?			
ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE)				
১৩	কর্মচারীরা কি প্রয়োজনীয় PPE যেমন এপ্রোন, গ্লাভস এবং হেয়ারনেট পরেছেন?			
১৪	পিপিই আইটেম কি পরিষ্কার এবং ভাল অবস্থায় আছে?			
স্বাস্থ্যবিধি এবং স্যানিটেশন				
১৫	হাত ধোয়ার সুবিধা কি পর্যাপ্তভাবে সাবান এবং তোয়ালে মজুদ আছে?			
১৬	সরঞ্জাম, পৃষ্ঠতল এবং পাত্রগুলির জন্য কি পরিষ্কারের সময়সূচী অনুসরণ করা হচ্ছে?			
১৭	খাদ্য প্রস্তুতি এবং স্টোরেজ এলাকা পরিষ্কার এবং সংগঠিত রাখা হয়?			

১৮	বর্জ্য বিনগুলি নিয়মিত খালি করা হয় এবং সঠিকভাবে আলাদা করা হয়?			
অগ্নি নিরাপত্তা				
১৯	দাহ্য পদার্থ কি নিরাপদে এবং ইগনিশন উৎস থেকে দূরে সংরক্ষণ করা হয়?			
২০	কর্মচারীরা কি অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার এবং জরুরী স্থানান্তর পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষিত?			
২১	স্মোক ডিটেক্টর এবং ফায়ার অ্যালার্ম কি কাজের উপযুক্ত আছে?			
জরুরী প্রস্তুতি:				
২২	জরুরী যোগাযোগের নম্বর কি দৃশ্যমান এলাকায় পোস্ট করা আছে?			
২৩	প্রাথমিক চিকিৎসা কিটগুলি কি পর্যাপ্ত মজুত এবং অ্যাক্সেসযোগ্য?			
২৪	কর্মচারীরা কি প্রাথমিক চিকিৎসা এবং জরুরী প্রতিক্রিয়া পদ্ধতিতে প্রশিক্ষিত?			
প্রশিক্ষণ এবং যোগাযোগ				
২৫	কর্মীরা কি ওএসএইচ নীতি এবং পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ পেয়েছেন?			
২৬	বিপদ বা হাজার্ড রিপোর্ট করার জন্য কি সিস্টেম আছে?			
২৭	নিরাপত্তা চিহ্ন এবং সতর্কতা কি যথাযথ এলাকায় পোস্ট করা হয়েছে?			
ডকুমেন্টেশন				
২৮	পরিদর্শন রেকর্ড এবং রক্ষণাবেক্ষণ লগবুক আপ টু ডেট আছে?			
২৯	চিহ্নিত বিপদগুলির প্রতিক্রিয়া হিসাবে কি সংশোধনমূলক পদক্ষেপগুলি তাৎক্ষণিকভাবে নেওয়া হয়?			
৩০	ঘটনার রিপোর্ট কি নথিভুক্ত এবং পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করা হয়?			

টাস্ক শীট (Task Sheet) ১.২: ব্যক্তিগত হাইজিন বজায় রাখা

কাজের নাম: ব্যক্তিগত হাইজিন বজায় রাখুন।

কাজের ধারা:

ধাপ-১

জুয়েলারি পরিহার: ব্যবহৃত জুয়েলারি খুলে নিজ দায়িত্বে রাখুন

ধাপ-২

নেল সাইজিং: নেল কাটার ব্যবহার করে নখ ছোট করুন।

ধাপ-৩

হেয়ার ট্রিমিং: সেলুন থেকে এসওপি অনুসারে হেয়ার ট্রিমিং করান

ধাপ-৪

বেয়ার্ডস ট্রিমিং বা সেভিং: ট্রিমার ব্যবহার করে বা রেজর ব্যবহার করে বেয়ার্ডস ট্রিমিং বা সেভ করুন।

ধাপ-৫

সু-পলিশিং: সু-পলিশ ব্যবহার করে জুতা পরিষ্কার করুন।

ধাপ-৬

বডি ওয়াশ: পরিষ্কার পানি, শ্যাম্পু ও বাথ সোপ ব্যবহার করে, চুল পরিষ্কার, বডি ওয়াশ করুন এবং টাওয়াল ব্যবহার করে শরীর শুকান।

ধাপ-৭

টুথ ব্রাশ: টুথ পেস্ট ও ব্রাশ ব্যবহার করে দাত পরিষ্কার ও মুখ ধৌত করুন।

ধাপ-৮

হেয়ার ব্রাশ: হেয়ার ব্রাশ ব্যবহার করে চুর পরিপাটি করুন।

ধাপ-৯

পিপিই ও ইউনিফর্ম পরিধান: পিপিই ও ইউনিফর্ম পরিধানের নিয়ম অনুসরণ করে পিপিই ও ইউনিফর্ম পরিধান করুন।

ধাপ-১০

হ্যান্ড ওয়াশ: হাত দোয়ার ছয়ধাপ পদ্ধতি অনুসরণ করে হাত ধৌত করুন।

শিখনফল (Learning Outcome)- ২ : ব্রেড ডো তৈরি করতে পারবে

<p>অ্যাসেসমেন্ট মানদণ্ড</p>	<ol style="list-style-type: none"> ১. ব্রেড ডো তৈরি করার জন্য রেসিপি অনুসারে উপাদানগুলি নির্বাচন, পরিমাপ এবং ওজন করতে সক্ষম হয়েছে। ২. সারঞ্জম সেট করে ডো মেশানোর জন্য প্রস্তুত করা হয়েছে ৩. উপাদানগুলি মিক্সারে ঢেলে দেওয়া হয়েছে। ৪. কাজের প্রয়োজন অনুযায়ী মিশ্রণ প্রক্রিয়া পরিচালনা এবং মনিটর করা হয়েছে। ৫. ক্রটিযুক্ত ডো চিহ্নিত করে সংশোধন করা হয়েছে। ৬. ডো এর প্রয়োজনীয়তা পূরণ করে তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে ৭. ক্রটিযুক্ত ডো সম্পর্কে রিপোর্ট করা হয়েছে।
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ডিভাইস ১০. প্রয়োজনীয় পিপিই ১১. প্রয়োজনীয় যন্ত্রপাতি
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> ১. ডো ২. রেসিপি ৩. উপাদানের তালিকা ৪. ডো মেশানোর সরঞ্জাম ৫. মিশ্রণ প্রক্রিয়া ৬. মনিটরিং ৭. ক্রটিযুক্ত ডো ৮. ক্রটিযুক্ত ডো চিহ্নিত করে সংশোধন করার পদ্ধতি ৯. ব্রেড তৈরির মৌলিক নীতি ১০. ব্রেডের প্রকারভেদ ১১. ডো এর ধরণ ১২. ডো উপাদানের বৈশিষ্ট্য এবং উদ্দেশ্য ১৩. ময়দা গুণগতমান ১৪. আটার গুণগতমান ১৫. ব্রেড প্রস্তুত করার জন্য উপকরণ

একক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. ডো এর রেসিপি অনুসারে উপাদানগুলো নিরবাচন করে পরিমাপ করুন এবং ওজন করুন ২. সরঞ্জাম সেট করে ডো মেশানোর জন্য প্রস্তুত করুন ৩. বেড ডো প্রস্তুত করুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: ব্রেড ডো তৈরি করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “ব্রেড ডো তৈরি করা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শীট পড়তে হবে।	২. ইনফরমেশন শীট ২ : ব্রেড ডো তৈরি করা
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শীট ২ ব্রেড ডো তৈরি করা উত্তরপত্র ২ - ব্রেড ডো তৈরি করা
৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শীট ২.১: ডো এর রেসিপি অনুসারে উপাদানগুলো নির্বাচন করে পরিমাপ করুন এবং ওজন করা জব শীট ২.২: সরঞ্জাম সেট ডো মেশানোর জন্য প্রস্তুত করা জব শীট ২.৩: ব্রেড ডো প্রস্তুত করা

ইনফরমেশন শীট (Information Sheet) : ২ ব্রেড ডো তৈরি করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

- ২.১ ডো
- ২.২ রেসিপি
- ২.৩ উপাদানের তালিকা
- ২.৪ ডো মেশানোর সরঞ্জাম
- ২.৫ মিশ্রণ প্রক্রিয়া
- ২.৬ মনিটরিং
- ২.৭ ক্রটিযুক্ত ডো
- ২.৮ ক্রটিযুক্ত ডো চিহ্নিত করে সংশোধন করার পদ্ধতি
- ২.৯ ব্রেড তৈরির মৌলিক নীতি
- ২.১০ ব্রেডের প্রকারভেদ
- ২.১১ ডো এর ধরণ
- ২.১২ ডো উপাদানের বৈশিষ্ট্য এবং উদ্দেশ্য
- ২.১৩ ময়দা গুণগতমান
- ২.১৪ আটার গুণগতমান
- ২.১৫ ব্রেড প্রস্তুত করার জন্য উপকরণ

২.১ ডো

রুটি বা ব্রেড ডো হ'ল ময়দা, পানি, খামির এবং লবণের মিশ্রণ যা আঠালো এবং মসৃণ না হওয়া পর্যন্ত মথা (knead) করা হয়। এর পর ময়দাটি ফুলার জন্য (fermentation) নির্দিষ্ট সময় রেখে দিতে হয়, তখন ইস্ট তার কার্যকারিতার সচল হয়, কার্বন ডাই অক্সাইড তৈরি করে যার ফলে ময়দা প্রসারিত হয় এবং বাতাসে পরিণত হয়। পরে, এটিকে রুটি গঠনের জন্য আকার প্রদান করা হয় এবং বেকড হয়। রুটি বা ব্রেড ডো মূল বৈশিষ্ট্যগুলি হ'ল এর আঠালো এবং ফুলার ক্ষমতা, যা রুটির টেক্সচার এবং ক্রাঞ্চ তৈরির জন্য প্রয়োজনীয়।

ডো এর ধরন

সাধারণত ডো দুই ধরনের।

স্ট্রেইট ডো (straight dough)

স্পঞ্জ ডো (sponge dough)

স্ট্রেইট ডো (Straight dough) পদ্ধতি: এই পদ্ধতিতে পানি এবং ফ্যাট বাদে একসাথে সব উপকরণ

ময়দা, ডিম, চিনি, ইস্ট, লবন, গুড়া দুধ দিয়ে মেশানো হয়। এই ডো নরম হবে কিন্তু তরল হবে না।

স্পঞ্জ ডো (Sponge dough) পদ্ধতি: এই পদ্ধতিতে অল্প পানি, ইস্ট এবং অল্প চিনি একটা গ্লাস এ নিয়ে গরম জায়গায় রাখতে হবে ফুলে উঠলে বাকি সব উপকরণ ময়দা, ডিম, চিনি, লবন, গুড়া দুধ দিয়ে মেশানো হয়। এই ডো তুলনামূলক ভাবে আগের ডো এর চেয়ে soft হবে spongy হবে আর liquid হবে।

২.২ রেসিপি

এখানে রেসিপি বলতে ব্রেড তৈরী করতে যা সরঞ্জাম এবং উপকরণ ব্যবহার কর হয় সেটা বুঝায়। নিম্নে সফ্ট রোল (বান) এবং হোল হুইট ব্রেডের রিসিপি ব্যবহার করে ধারাবাহিক ভাবে প্রস্তুত প্রণালী বর্ণনা করা হবে।

উপকরণ

ময়দা	= ৩০০ গ্রাম
চিনি	= ২০ গ্রাম
লবন	= ৬ গ্রাম
দুধ	= ২০ গ্রা
ডিম	= ৩০ টা
ইস্ট	= ৮ গ্রাম
পানি	= ১৫০ এম এল
বাটার/সয়াবিন তৈল	= ২০ গ্রাম

প্রস্তুত প্রণালী:

- প্রথমে ময়দা চালনী দিয়ে চেলে নিতে হবে।
- ক্রমিক নং ১-৬ পর্যন্ত উপকরণ একটি মিক্সিং বোল এ নিতে হবে।
- বোলটি মিক্সার মেশিনে লাগিয়ে মেশিন চালু করতে হবে। এখন পানি অল্প অল্প করে দিতে হবে। সব পানি মিশানো হলে তৈল দিতে হবে।
- যখন খামীর বোল থেকে উঠে আসবে, চকচকে দেখাবে তখন বুঝতে হবে খামীর তৈরী হয়ে গিয়েছে।
- এখন একটি বোল এ খামীর নিয়ে গরম জায়গায় অথবা প্রুফিং (Proofing cabinet) এ ৯২ শতাংশ আদ্রতা এবং ৩৫ ডিগ্রী তাপমাত্রায় ৩০ মিনিট ঢেকে রাখতে হবে।
- যখন খামীর ফুলে দ্বিগুন হবে তখন Knock back (নক বেক) টেস্ট করে খামীর টেবিলে নিতে হবে।
- হাত দিয়ে চেপে বাতাস বের করে ৫০ গ্রাম করে ১০ টুকরো করতে হবে।
- প্রতিটি টুকরো ডিনার রোল বা বান এর আকার দিতে হবে।
- বেকিং ট্রেতে তৈল মাখিয়ে সব রোল বা বান ডিম ব্রাস করে ট্রেতে নিয়ে Proofing cabinet এ রাখতে হবে।
- পূর্বের তাপমাত্রায় রেখে ২০ থেকে ৩০ মিনিট পর ফুলে ডাবল বা দ্বিগুন হলে Preheat দেয়া ওভেনে ঢুকাতে হবে।
- এখন ১৮০° তাপমাত্রায় ১৫ থেকে ২০ মিনিট বেক করতে হবে।
- যখন বাদামী রং হবে তখন ওভেন থেকে বের করে গরম অবস্থায় বাটার বা তৈল মাখিয়ে চকচকে করতে হবে।
- ঠান্ডা করে পরিবেশন করতে হবে।

রেসিপি: ব্রাউন ব্রেড/ হোল হইট ব্রেড

উপকরণ

ময়দা	= ৫০০ গ্রাম
আধা ভাজা গম	= ১২৫ গ্রাম
লবন	= ১০ গ্রাম
চিনি	= ২৫ গ্রাম
ইন্সট	= ১০ গ্রাম
পানি	= ৩০০ এম এল
সয়াবিন তৈল	= ২৫ গ্রাম
ব্লাক জ্যাক	= বাদামী রং এর জন্য যতটুকু দরকার



প্রস্তুত প্রণালী

- প্রথমে সব উপকরণ মেপে নিতে হবে।
- এখন আধাভাজা গম চালনী দিয়ে চেলে নিতে হবে আধাভাজা গম ধুয়ে ভিজিয়ে রাখতে হবে।
- এখন সব উপকরণ পানি এবং ব্লাক জ্যাক বাদে মিক্সিং বোল এ নিতে হবে। মিক্সিং মেশিন চালাতে হবে। মাঝারি স্পিডে এরপর পানি ঢালতে হবে।
- এরপর সয়াবিন তৈল এবং ব্লাক জ্যাক দিতে হবে।
- যখন খামীর তৈরী হবে এবং বোল থেকে উঠে আসবে তখন একটা বোল এ নিয়ে ঢেকে গরম জায়গায় অথবা Proofing cabinet রাখতে হবে ২০-৩০ মিনিট। আদ্রতা ৯২ শতাংশ এবং তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেন্টিগ্রেড হবে।
- যখন ফুলে দ্বিগুন হবে তখন টেবিল এ নিয়ে চেপে বাতাস বের করে কেটে ৫০০ গ্রাম করে নিয়ে গোল করে ২ টা ব্রেড মোন্ড বা হাঁচে তৈল মাখিয়ে চেপে চেপে বসাতে হবে।
- একটা বেকিং ট্রেতে নিয়ে গরম জায়গায়/ Proofing cabinet এ রেখে দিতে হবে। ২০-৩০ মিনিট যখন ফুলে উঠবে তখন প্রিহীন করা ওভেনে দিয়ে বেক করতে হবে।
- তাপমাত্রা ১৮০°সে হবে আর ২০-৩০ মিনিট বেক করতে হবে।
- নামিয়ে ঠান্ডা হলে ব্লাইস করে কেটে পরিবেশন করতে হবে।
- সকালের নাস্তায় দুপুরের খাবারে আর রাতের খাবারে রান্না তরকারী মাছ, মাংসের সাথে পরিবেশন করতে হবে।

২.৩ উপাদানের তালিকা

আধুনিক প্রক্রিয়া দ্বারা তৈরি রুটির মূল উপাদানগুলি হল ময়দা, লবণ, খামির, জল এবং উন্নতকারী। ঐচ্ছিক উপাদানের মধ্যে রয়েছে চিনি, দুধের গুঁড়া, চর্বি, শুকনো বা ভেজা আঠা, ডিম, শুকনো ফল, পনির, মশলা এবং স্বাদ।

